

## একাদশ শ্রেণীর বই নিয়ে কেলেঙ্কারির সুযোগ নেই

শিক্ষামন্ত্রী

### ■ সমকাল প্রতিবেদক

একাদশ শ্রেণীর শিক্ষার্থীদের জন্য প্রকাশ করা নতুন বই নিয়ে কেউ কোনো কেলেঙ্কারির সুযোগ পাবে না বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ। ২০১৫-১৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীর শিক্ষার্থীদের ক্লাস শুরু হওয়ার দিন পরিমার্জিত তিনটি বইয়ের বিতরণ ও বিপণন কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে এ কথা বলেন শিক্ষামন্ত্রী।

গতকাল বুধবার জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) মিলনায়তনে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। চলতি শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীর বাংলা সাহিত্য, বাংলা সহপাঠ ও ইংলিশ ফর টুডে বই তিনটি নতুনভাবে প্রণয়ন করা হয়েছে।

শিক্ষানীতি ২০১০-এর আলোকে পরিমার্জিত শিক্ষাক্রম অনুযায়ী একাদশ-দ্বাদশ শ্রেণীর 'ইংলিশ ফর টুডে' বই সম্পূর্ণ নতুনভাবে প্রণয়ন করেছে এনসিটিবি।